

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন ব্যক্তি অন্যের সাথে সালাত আদায় করবে, তখন তার জন্য বৈধ রয়েছে সালাত দীর্ঘ করে আদায় করা

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يصلِّي بِغَيْرِهِ ويطوِّل صلاته

আরবী

2138 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي وَائِل عَنْ عَبْد اللَّهِ قَالَ:

صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَطَالَ حَتَّى هممتُ بأمرِ سوءٍ قَالَ: قِيلَ: وَمَا هَمَمْتَ بهِ؟ قَالَ: هممتُ أَنْ أَجْلِسَ وَأَدَعَهُ.

الراوي: عَبْد اللَّهِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2138 ا خلاصة حكم المحدث: صحيح _ ((مختصر الشمائل)) (234).

বাংলা

২১৩৮. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাত করি। অতঃপর তিনি সালাত দীর্ঘ করেন, এমনকি আমি একটি মন্দ করার ইচ্ছা করেছিলাম।"তাকে বলা হলো, "আপনি কী মন্দ কাজ করার ইচ্ছা করেছিলেন?" জবাবে তিনি বলেন, "আমি ইচ্ছা করেছিলাম যে, আমি তাঁকে ছেড়ে বসে পড়ি।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭৭৩; শামায়েলে তিরমিযী: ২৭২; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৩৫; মুসনাদ আহমাদ: ১/৩৮৫; সহীহ আল বুখারী: ১১৩৫।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন